২০২২

# বাংলা — সাম্মানিক

## তৃতীয় সেমেস্টার

## পত্র : CC-6

## (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের গতিপথটি একটি রেখাচিত্রের মাধ্যমে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) মধ্যভারতীয় আর্যভাষার বিভিন্ন স্তর ও কালসীমা উল্লেখ করো। এই পর্বের ভাষার নিদর্শনগুলির পরিচয় দাও। ৭+৩

২। (ক) প্রাচীন বাংলা ভাষার সময়কাল ও রচনা নিদর্শনগুলির উল্লেখ করো। এই পর্বের রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লেখো। ১+২+৭

*অথবা,*

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্য অবলম্বনে আদি-মধ্যযুগের বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

৩। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার রূপতাত্ত্বিক লক্ষণগুলি 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে লেখো। ১০

*অথবা,*

(খ) আধুনিক বাংলা ভাষার বৈশিষ্ট্য কীভাবে 'পরিব্রাজক' গ্রন্থে প্রকাশ পেয়েছে তা সদৃষ্টান্ত আলোচনা করো। ১০

৪। (ক) 'বৈদিক সংস্কৃত' ভাষা বলতে কী বোঝায়? ৫

*অথবা,*

(খ) ভারতে কী কী ভাষা পরিবার প্রচলিত আছে? ৫

৫। (ক) প্রাচীন বাংলা ভাষার স্বরধ্বনির ব্যবহার কেমন ছিল উদাহরণসহ লেখো। ৫

*অথবা,*

(খ) আদি-মধ্য বাংলা ভাষার বাক্য গঠনগত ও ছন্দোরীতিগত বৈশিষ্ট্যগুলি লেখো। ৫

৬। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় মহাপ্রাণ ধ্বনির ব্যবহার সম্পর্কে লেখো। ৫

*অথবা,*

(খ) আধুনিক যুগের বাংলা ভাষায় বিভিন্ন ভাষার শব্দগ্রহণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার ক্রিয়ার কাল সম্পর্কে লেখো।

(খ) প্রাচীন বাংলা ভাষার শ্/স্ ধ্বনির ব্যবহার সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো।

(গ) অন্ত্য-মধ্যবাংলায় ব্যবহৃত অপিনিহিতির পরিচয় দাও।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ইন্দো-ইউরোপীয় ভাষার কেন্তুম গুচ্ছের একটি সমৃদ্ধশালী ভাষার নাম লেখো।

(খ) ভারতে প্রচলিত ভাষার মধ্যে প্রাচীনতম ভাষাবংশ কোনটি?

(গ) প্রাচীন ভারতীয় আর্যভাষার প্রাচীনতম সাহিত্যিক নিদর্শন কী?

(ঘ) মধ্য-ভারতীয় আর্যভাষার ছন্দরীতির প্রধান ভিত্তি কী ছিল?

(ঙ) O.D.B.L. কার লেখা?

(চ) কোন প্রাকৃত থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?

(ছ) লুই **ভণই** গুরু পুচ্ছিঅ জান— ভণই শব্দটির উৎস কী?

(জ) প্রাচীন বাংলা থেকে ক্ষতিপূরক দীর্ঘীভবনের একটি উদাহরণ দাও।

(ঝ) ভাঁগিল **সোনার** ঘট যুড়ীবাক পারী— নিম্নরেখ শব্দে সম্বন্ধ পদের অর্থ কোন বিভক্তিতে প্রকাশ পেয়েছে?

(ঞ) মদনবাণে **পরাণে** আকুলী ল— নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি লেখো।

(ট) অন্ত্য-মধ্যবাংলায় অভিশ্রুতির একটি উদাহরণ দাও।

(ঠ) 'অন্নদামঙ্গল' কাব্য থেকে য়-শ্রুতির একটি উদাহরণ দাও।

(ড) আধুনিক বাংলা ভাষার মান্য চলিত কথ্যরূপটি কোন্ অঞ্চলের ভাষাকে ভিত্তি করে গড়ে উঠেছে?

(ঢ) আধুনিক বাংলায় ব্যবহৃত হয় এমন দুটি পোর্তুগিজ শব্দ লেখো।

(ণ) পুরনো পয়ার ছন্দ থেকে জন্ম নেওয়া দুটি আধুনিক বাংলা ছন্দের নাম লেখো।